



পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক শ্রমিক ইউনিয়ন

১৮এ ব্র্যাবোর্ণ রোড, কলকাতা-৭০০ ০০১

(বি.ই.এফ.আই-এর অন্তর্ভুক্ত সংগঠন)

রেজিঃ নং— ৪১৯৯



সার্কুলার নং : ০২/২০১৭

তারিখ : ৩১-০১-২০১৭

পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক-এর সকল কর্মচারীদের জন্য

প্রিয় সাথী,

আমরা অত্যন্ত আনন্দের সাথে জানাচ্ছি আমাদের সংগঠনের হীরক জয়ন্তী বর্ষ উদ্‌যাপন ও ঊনবিংশতিতম মিলনোৎসব উপলক্ষ্যে বিগত ২৮শে জানুয়ারী(শনিবার) ২২জন প্রতিযোগী গান ও আবৃত্তি প্রতিযোগিতার অনুষ্ঠানটিকে সর্বতোভাবে সফল করে তোলেন। সংগঠনের কেন্দ্রীয় কমিটির পক্ষ থেকে সকল প্রতিযোগী ও তাদের অভিভাবক সহ উপস্থিত সকলকে সংগ্রামী অভিনন্দন জানাই।

➤ শ্রুতি নাটক প্রতিযোগিতা

সংগঠনের হীরক জয়ন্তী বর্ষ উদ্‌যাপন ও ঊনবিংশতিতম মিলনোৎসব উপলক্ষ্যে আগামী ১৪ই ফেব্রুয়ারী, ২০১৭ থেকে ব্যাঙ্কের ১৮এ, ব্র্যাবোর্ণ রোড শাখায় বিকেল ৫-৩০টায় শ্রুতি নাটক প্রতিযোগিতা শুরু হবে। ১৭ই ফেব্রুয়ারী, ২০১৭ পর্যন্ত এই প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।

ব্যাঙ্কের সকল স্তরের কর্মচারীরা শাখা ভিত্তিক এই প্রতিযোগিতায় অংশগ্রহন করতে পারবেন।

➤ আলোক চিত্র প্রতিযোগিতা

বিশেষ কারণে প্রস্তাবিত আলোক চিত্র প্রতিযোগিতা বিগত ২১শে জানুয়ারী, ২০১৭ অনুষ্ঠিত হয়েনি। আগামী ১৮ই ফেব্রুয়ারী, ২০১৭ (শনিবার) ১৮এ, ব্র্যাবোর্ণ রোড শাখায় বিকেল ৪-৩০টায় অনুষ্ঠিত হবে।

➤ গল্প, কবিতা ও প্রবন্ধ প্রতিযোগিতা

প্রবন্ধ -র বিষয় নিচে দেওয়া হলো --

“ উন্নত প্রযুক্তির আবহে ভারতবর্ষের রাষ্ট্রায়ত্ত্ব ব্যাঙ্কিং ব্যবস্থা “

লেখা জমা দেবার শেষ তারিখ আগামী ৪ঠা মার্চ, ২০১৭ (শনিবার)।

➤ তাৎক্ষণিক বক্তৃতা প্রতিযোগিতা

আগামী ৪ঠা মার্চ, ২০১৭ (শনিবার) ১৮এ, ব্র্যাবোর্ণ রোড শাখায় বিকেল ৫-৩০টায় অনুষ্ঠিত হবে।

উপরোক্ত সকল প্রতিযোগিতায় বিচারকের রায়ই চূড়ান্ত।

➤ পুরস্কার বিতরণ অনুষ্ঠানের তারিখ ও স্থান পরে জানানো হবে।

উপরোক্ত সকল প্রতিযোগিতার নিয়মাবলী সংক্রান্ত বিষয় সার্কুলার নং ১৩/২০১৬ তাং ১৫/১২/২০১৬ এ বিস্তারিত ভাবে দেওয়া আছে।


পরের পৃষ্ঠায় দেখুন

প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য সংগঠনের কেন্দ্রীয় অফিসে নাম পাঠানোর জন্য নিচে লেখা চার জনের মধ্যে যে কোনো এক জনের সাথে যোগাযোগ করতে অনুরোধ জানাচ্ছি -

- ১) বারিদ বরণ দাস (মোবাইল নং ৯৪৩৩১৭২৯৩৯) ২) সুনয় বিশ্বাস (মোবাইল নং ৯৯০৩৩৬১৩৯৮)
৩) নৃসিংহ প্রসাদ সরকার (মোবাইল নং ৯৪৩৩৯০৮৩৮৮) এবং ৪) সন্দীপ পাল (মোবাইল নং ৮০১৩২৮৬২৫১)

সবকটি অনুষ্ঠানকে সর্বাঙ্গসুন্দর ও সফল করতে সকল স্তরের কর্মচারীদের প্রত্যক্ষ অংশগ্রহণ ও স্বতঃস্ফূর্ত সহযোগিতার আবেদন রাখছি।

অভিনন্দন সহ,



(শ্রীজিৎ সেনগুপ্ত)

। সাধারণ সম্পাদক।